# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়
# মহালছড়ি, খাগড়াছড়ি পার্বত্য জেলা
## সিটিজেন চার্টার

| ক্রঃ নং | সেবার নাম | সেবা প্রদান পদ্বতি | আবেদন পদ্বতি | প্রয়োজনীয় কাগজপত্র | আবেদনের ফি | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ভালনারেবল উইমেন বেনিফিট (ভিডব্লিউবি) | উক্ত কর্মসূচির আওতায় নির্বাচিত দূঃস্থ অসহায় মহিলাদের ২৪ মাস চক্রে মাসিক ৩০ কেজি খাদ্য সাহায্য ও আত্মকর্মসংস্থানের জন্য বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করা হয় এবং উপকার ভোগীদের সঞ্চয়মূখী আগ্রহ করার লক্ষ্যে মাসিক ২২০ টাকা হারে সঞ্চয় আদায় করা হয়। | অনলাইনে আবেদন করা। | আবেদনকারীর এনআইডি, ছবি, ইউনিয়ন পরিষদের সনদ পত্র। | বিনামূল্যে | উপজেলা নিবার্হী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , খাগড়াছড়ি পার্বত্য জেলা। |
| ০২ | মা ও শিশু সহায়তা কর্মসূচি | উক্ত কর্মসূচির আওতায় গর্ভবতী মহিলাদের ইউনিয়ন ও পৌরসভা পর্যায়ে কমিটির মাধ্যমের নির্বাচিত উপকারভোগীদের মাসিক ৮৫০ টাকা হারে ৩৬ মাস পর্যন্ত ভাতা প্রদান করা হয়। | ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের মাধ্যমে অথবা তথ্য আপার মাধ্যমের আবেদন করা। | আবেদনকারীর এনআইডি, ছবি, ইউনিয়ন পরিষদের সনদ পত্র। | আবেদনের ফি ৪০ | |
| ০৩ | মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ তহবিল হতে ঋণ প্রদান | উক্ত কর্মসূচির আওতায়া দরিদ্র ও নিম্ন আয়ের মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য উক্ত তহবিল হতে এককভাবে ২৫০০০ এবং যৌথভাবে ৭৫০০০ টাকা ৫% সার্ভিস চার্জে ঋণ প্রদান করা হয়। | নির্ধারিত ফরম সংগ্রহ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খাগড়াছড়ি পার্বত্য জেলা | আবেদনকারীর এনআইডি, ছবি, ইউনিয়ন পরিষদের সনদ পত্র। | বিনামূল্যে | |
| ০৪ | জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি | উক্ত কর্মসুচির আওতায় প্রান্তিক পর্যায়ে দূ:স্থ মহিলাদের আয়বর্ধক বৃত্তিমূলক ও ব্যবহারিক প্রশিক্ষণ প্রদান করা হয়। | নির্ধারিত ফরম সংগ্রহ: উপপরিচালকের কার্যালয় খাগড়াছড়ি পার্বত্য জেলা | | | |
| ০৫ | স্বেচ্ছাসেবী মহিলা সমিতি নিবন্ধন কর্মসূচি | উক্ত কর্মসুচির আওতায় প্রান্তিক পর্যায়ে দুঃস্থ, স্বামী পরিত্যক্তা, বিধবা, অবিবাহিত ও প্রতিবন্ধী মহিলাদের পক্ষে অথবা আর্থ-সামাজিকভাবে প্রতিষ্ঠিত কোন মহিলার পক্ষে এককভাবে কোন বৃহৎ সামাজিক ও উন্নয়নমূলক কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন অনেক ক্ষেত্রেই সম্ভব হয় না। এ ধরণের মহিলাদের যৌথ উদ্যোগকে বিধি-বিধানের আওতায় এনে উন্নয়নমূলক কর্মসূচী সূচারুরূপে পরিচালনা করার লক্ষ্যে স্বেচ্চসেবী সমিতি নিবন্ধন প্রদান করা হয়। | নির্ধারিত ফরম সংগ্রহ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খাগড়াছড়ি পার্বত্য জেলা | আবেদনকারীর এনআইডি, ছবি, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সুপারিশতপত্র নিদিষ্ট ফরমে আবেদন। | নিবন্ধন ফি ৫০০০/- | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৬ | নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ | মহিলা ও শিশুদের আইনগত সহায়তা প্রদানের লক্ষ্যে জেলা ও উপজেলা পর্যায়ে গঠিত নারী ওশিশু নির্যাতন প্ররোধ কমিটি স্থানীয়ভাবে নারী ও শিশু নির্যাতনমূলক অভিযোগের পরিপ্রেক্ষিতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ ব্যবস্থা করা হয়। | অভিযোগের ভিত্তিতে | আবেদন পত্র | বিনামূল্যে | উপজেলা নিবার্হী অফিসার ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা , খাগড়াছড়ি পার্বত্য জেলা। |
| ০৭ | সেলাই মেশনি বিতরণ | জীবিকায়নের জন্য মহিলাদের দক্ষতাভিত্তিক প্রশিক্ষণ কর্মসূচি আওতায় প্রশিক্ষণার্থী, নিবন্ধনকৃত প্রতিষ্ঠান, দারিদ্রপীড়িত ও দূঃস্থ মহিলাদের আত্নকর্মসংস্থানের জন্য স্থানীয় সংসদ সদস্যগণের সুপারিশের মাধ্যমে মন্ত্রণালয় হতে অনুমোদনের পর বরাদ্দ সাপেক্ষে সেলাই মেশিন বিতরণ করা হয়। | নির্ধারিত ফরম সংগ্রহ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খাগড়াছড়ি পার্বত্য জেলা | আবেদনকারীর এনআইডি, ছবি, ইউনিয়ন পরিষদের সনদ পত্র। | বিনামূল্যে | |
| ০৮ | অদম্য নারী পুরস্কার | "অদম্য নারী পুরস্কার" শীর্ষক কর্মসুচির প্রতিবছর ন্যায় আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ (২৫ নভেম্বর থেকে ১০ ডিসেম্বর) এবং বেগম রোকেয়া দিবস (৯ ডিসেম্বর) উদযাপন কালে দেশব্যাপী "অদম্য নারী পুরস্কার" শীর্ষক কার্যক্রমের মাধ্যমে বিভিন্ন ক্ষেত্রে তৃণমূলের সকল নারী তথা অদম্য নারী অনুসন্ধান করে তাঁদের স্বীকৃতি ও সম্মাননা প্রদান অন্যান্য নারীদেরকে অনুপ্রাণিত করবে, সমাজ নারী বান্ধব হবে এবং এতে করে জেন্ডার সমতা ভিত্তিক সমাজ বিনির্মাণ ত্বরান্বিত হবে। প্রসঙ্গাত উল্লেখ্য, অদম্য নারী; হচ্ছে সমাজের সকল বাধা-বিপত্তি অতিক্রম করে বিভিন্ন ক্ষেত্রে সফল নারীর একটি প্রতিকী নাম। কার্যক্রমটি রাজস্ব বাজেটের আওতায় প্রতি বছর দেশ ব্যাপী পরিচালনা করা হচ্ছে। | নির্ধারিত ফরম সংগ্রহ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খাগড়াছড়ি পার্বত্য জেলা | আবেদনকারীর এনআইডি, ছবি, ইউনিয়ন পরিষদের সনদ পত্র। | বিনামূল্যে | |
| ০৯ | দূঃস্থ মহিলা ও শিশু সহায়তা তহবিল | ১। অসহায়, অসুস্থ, অনাথ, বিশেষ চাহিদা সম্পন্ন, নিরাশ্রয়, বিধবা, আর্থিক দূর্দশাগ্রস্থ মহিলা ও শিশুদের এককালীন আর্থিক সাহায্য প্রদান।<br>২। এসিড আক্রান্ত, অগ্নিদগ্ধ এবং দুরারোগ্য রোগে আক্রান্ত মহিলা ও শিশুদের এককালীন/তাৎক্ষণিক আর্থিক সাহায্য প্রদান।<br>৩। আর্থিক দূর্দশাগ্রস্থ এতিম শিশু ও মেধাবী ছাত্র ছাত্রীদের শিক্ষার জন্য এককালীন আর্থিক সাহায্য প্রদান।<br>৪। শুধু বসত ভিটা আছে এমন মহিলাদের কর্মসংস্থানের জন্য এককালীন সাহায্য প্রদান।<br>৫। প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ মহিলা ও শিশুদের এককালীন সাহায্য প্রদান। | নির্ধারিত ফরম সংগ্রহ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খাগড়াছড়ি পার্বত্য জেলা | আবেদনকারীর এনআইডি, ছবি, ইউনিয়ন পরিষদের সনদ পত্র। | বিনামূল্যে | |
| ১০ | কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্প। | বাল্যবিবাহ প্রতিরোধ করা। যৌন ও প্রজনন স্বাস্থ্য এবং অধিকার (SRHR) এবং লিঙ্গা ভিত্তিক সহিংসতা (GBV) এর ঝুঁকি হ্রাস করা। ১০-১৯ বছর বয়সী কিশোর-কিশোরীদের মধ্যে SRHR/GBV প্রতিরোধ করার জন্য একটি অনুগ্রহ-বান্ধব পরিবেশ তৈরি করা। | নির্ধারিত ফরম সংগ্রহ: উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা খাগড়াছড়ি পার্বত্য জেলা | আবেদনকারীর জন্মনিবন্ধন, ছবি, ইউনিয়ন পরিষদের সনদ পত্র। | বিনামূল্যে | |